দর্শনা কেরু চিনিকলে ট্রাক্টরের টায়ার বিস্ফোরণ, দুই শ্রমিক আহত

দর্শনা কেরু অ্যান্ড কোম্পানি (বাংলাদেশ) লিমিটেডের গ্যারেজে ট্রাক্টরের টায়ার ফেটে দুই শ্রমিক গুরুতর আহত হয়েছেন। আজ রবিবার সকাল ১০টার দিকে কেরু হাওয়া ঘরে টলি ট্রাক্টরের টায়ার খোলার সময় এ দুর্ঘটনা ঘটে।

দুর্ঘটনার পরপরই আহত দুই শ্রমিককে কেরু চিনিকলের একটি পিকআপে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক প্রাথমিক চিকিৎসা শেষে তাদের অবস্থা গুরুতর হওয়ায় উন্নত চিকিৎসার জন্য ঢাকার পঙ্গু (এনআইটিওআর) হাসপাতালে রেফার্ড করেন।

আহত শ্রমিকরা হলেন দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রোঘুনাথপুর গ্রামের নাসীর উদ্দিন (৩৫) এবং শ্যামপুর গ্রামের সাকা বিশ্বাসের ছেলে শাহাবুদ্দিন ওরফে বশির উদ্দিন (৫০)।

কেরু গ্যারেজের ইঞ্জিনিয়ার আবু সাঈদ তাৎক্ষণিকভাবে আহতদের উদ্ধার করে কেরুর একটি পিকআপে করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে পাঠান।

ঘটনার খবর পেয়ে কেরু চিনিকলের শ্রমিক নেতৃবৃন্দ আহত শ্রমিকদের সুচিকিৎসার খোঁজখবর নেন। পাশাপাশি কেরু চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান আহত দুই শ্রমিকের খোঁজখবর নেন এবং তাদের চিকিৎসা ব্যয়ের জন্য কোম্পানির পক্ষ থেকে আর্থিক সহায়তার আশ্বাস দেন।

কোম্পানির পক্ষ থেকে চিকিৎসা ব্যয় বহনের সিদ্ধান্তে শ্রমিক-কর্মচারীরা ব্যবস্থাপনা পরিচালকের উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন।